**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-11-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যে সঠিক সময়ের মধ্যে গুণগতমান বজায় রেখে উন্নয়নমূলক কাজগুলি সম্পন্ন করার পরামর্শ দেন |**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল উদয়পুরের কাঁকড়াবনে রাজ্যের ২৮তম সরকারী ডিগ্রী কলেজের উদ্বোধন করবেন।**

**(৩) ধলাই জেলা হাসপাতাল একসঙ্গে তিনটি জাতীয় গুণগত মানদণ্ড অর্জন করে মর্যাদাপূর্ণ স্বীকৃতি লাভ করেছে।**

**(৪) ২০২৬ সালের মাধ্যমিক ও মাদ্রাসা আলিম পরীক্ষা ২৬শে ফেব্রুয়ারী শুরু হবে| উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হবে ২৫শে ফেব্রুয়ারী |**

**(৫) আন্তর্জাতিক মাস্টার অর্শিয়া দাস জাতীয় অনূর্দ্ধ ১৫ বছরের দাবা প্রতিযোগিতায় অপরাজিতভাবে ভারত সেরা ।**

*******************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যে সঠিক সময়ের মধ্যে গুণগতমান বজায় রেখে উন্নয়নমূলক কাজগুলি সম্পন্ন করার জন্য পরামর্শ দেন। রাজ্যে গ্যাস বিতরণ ও সরবরাহ বিষয়ে আগরতলার রাজভবনে অনুষ্ঠিত এক সভায় তিনি এই পরামর্শ দেন। সভায় ও.এন.জি.সি ত্রিপুরা অ্যাসেট, ও.টি.পি.সি, নেপকো, ইন্ডিয়ান ওয়েল কর্পোরেশন, টি.এন.জি.সি.এল, গেইল সহ অন্যান্য প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

সভার শুরুতে রাজ্যে গ্যাস বিতরণ এবং সরবরাহের বিষয়ে পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে রাজ্যপালকে অবগত করানো হয়। টি.এন..জিসি.এল'র

প্রতিনিধি জানান, পাইপলাইনের মাধ্যমে বাড়ি বাড়ি গ্যাস পৌঁছে দেওয়ার জন্য উদয়পুর, জিরানীয়া এবং মোহনপুরে কাজ চলছে। তিনি ইন্ডিয়ান ওয়েল কর্পোরেশন প্রতিনিধিদের রাজ্যের জন্য যথেষ্ট পরিমাণে পেট্রোলিয়ামজাত জ্বালানি মজুত রাখার পরামর্শ দেন।

******************************

**CM-Degree College :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল উদয়পুরের কাঁকড়াবনে রাজ্যের ২৮তম সরকারী ডিগ্রী কলেজের উদ্বোধন করবেন। তাছাড়া সেখানে তিনি ডায়েটের ৫০ আসন বিশিষ্ট ছাত্রী নিবাসের উদ্বোধন করবেন। উচ্চ শিক্ষা অধিকর্তা অনিমেষ দেববর্মা জানিয়েছেন, ২৮টি সরকারী ডিগ্রী কলেজের মধ্যে ২৩টি ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এবং ২টি কলেজ রয়েছে এম.বি.বি বিশ্ববিদ্যালয়ের অধীনে। তাছাড়া বাকি ৩টি ডিগ্রী কলেজ কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকবে এ বিষয়ে শীঘ্রই সিদ্ধান্ত নেওয়া হবে। তিনি জানান, রাজ্যে সরকারী ডিগ্রী কলেজগুলিতে বর্তমানে ছাত্রছাত্রীর সংখ্যা ৭২ হাজারেরও বেশি।

********************************

**Dhalai District Hospital :**

কুলাইস্থিত ধলাই জেলা হাসপাতাল একসঙ্গে তিনটি জাতীয় গুণগত মানদণ্ড অর্জন করে মর্যাদাপূর্ণ স্বীকৃতি লাভ করেছে। রাজ্যে এ প্রথমবারের মতো জেলা হাসপাতাল হিসেবে এই সম্মান লাভ করেছে। জাতীয় গুণমান নিশ্চয়তা মানদণ্ড অর্থাৎ NQAS, প্রসূতি কক্ষ গুণগত মানোন্নয়ন অর্থাৎ LAQSHYA এবং শিশুস্বাস্থ্য সেবার মান উন্নয়নের কর্মসূচিতে MUSQAN মূল্যায়নে তিনটি মর্যাদাপূর্ণ স্বীকৃতি হিসাবে ৯০.২১% প্রাপ্তি প্রমাণ করে ধলাই জেলা হাসপাতালটি শুধুমাত্র সামগ্রিক মানদণ্ড পূরণ করেছে তাই নয়, বরং তা শ্রেষ্ঠত্বের স্তরে নিয়ে গেছে, যা রোগীর সুরক্ষা ও যত্নের ক্ষেত্রে একটি বড় নিশ্চয়তা। উল্লেখ্য, ন্যাশনাল হেলথ সিস্টেমস রিসোর্স সেন্টার ২৪ থেকে ২৬ সেপ্টেম্বর পর্যন্ত জেলা হাসপাতালের সামগ্রিক পরিষেবার মূল্যায়ন করে।

******************************

**Felicitation-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনজাতিদের আর্থ-সামাজিক উন্নয়নে কেন্দ্র এবং রাজ্য সরকারের সমস্ত উন্নয়নমূলক প্রকল্প প্রকৃত সুবিধাভোগীদের কাছে পৌঁছানোর লক্ষ্যে জন্য রাজ্য সরকার নিরলসভাবে কাজ করছে। জনজাতীয় গৌরব দিবস উদযাপন উপলক্ষে আজ আগরতলায় মহারানী তুলসীবতী ওয়েলফেয়ার ট্রাস্টের উদ্যোগে আয়োজিত বিশিষ্ট জনজাতি ব্যক্তিদের মধ্যে সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যের বিভিন্ন জনজাতি গোষ্ঠীর ভাষা ও পরম্পরাগত ঐতিহ্য এবং কৃষ্টি সংস্কৃতি রাজ্যের অন্যতম গৌরব। তাকে সংরক্ষণ ও সমৃদ্ধ করাই বর্তমান রাজ্য সরকারের অন্যতম লক্ষ্য। তিনি বলেন, তিনি বলেন, বিরসা মুন্ডার আদর্শ প্রতিটি জনজাতি পরিবারের অগ্রগতির জন্য নিষ্ঠা ও ঐক্যের সঙ্গে কাজ করার অনুপ্রেরণা দেয়। উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা, সাংসদ রাজীব ভট্টাচার্য, পশ্চিম ত্রিপুরার জেলাশাসক ডাঃ বিশাল কুমার প্রমুখ।

******************************

**TBSE PRESS MEET :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের পক্ষ থেকে ২০২৬ সালের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার সূচী ঘোষনা করা হয়েছে। সেই সঙ্গে মাদ্রাসা ফাজিল আর্টস, মাদ্রাসা থিওলজি ও মাদ্রাসা আলিম পরীক্ষার সূচীও ঘোষনা করা হয়েছে। আজ মধ্যশিক্ষা পর্ষদ ভবনে এক সাংবাদিক সম্মেলনে পর্ষদ সভাপতি ড: ধনঞ্জয় গন চৌধুরী পরীক্ষার সূচী ঘোষনা করে জানান, আগামী বছরের মাধ্যমিক ও মাদ্রাসা আলিম পরীক্ষা ২৬শে ফেব্রুয়ারী শুরু হবে। মাধ্যমিক পরীক্ষা চলবে ২৪শে মার্চ পর্যন্ত।

অপরদিকে উচ্চ্ মাধ্যমিক, মাদ্রাসা ফাজিল ও মাদ্রাসা থিওলজি পরীক্ষা আগামী বছরের ২৫শে ফেব্রুয়ারী শুরু হবে। তা চলবে ৩০শে মার্চ পর্যন্ত। সাংবাদিক সম্মেলনে পর্ষদ সচিব দুলাল দে জানান, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক

পরীক্ষার অনলাইনে রেজিস্ট্রেশনের কাজ চলছে। প্রাথমিকভাবে অনুমান এবছর মাধ্যমিক পরীক্ষায় প্রায় ৪০ হাজার ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় প্রায় ৩০ হাজার পরীক্ষার্থী পরীক্ষায় বসবে।

*****************************

**Unity March–CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে স্বাধীন ভারতের প্রথম উপ প্রধানমন্ত্রী প্রয়াত সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্মজয়ন্তী উপলক্ষে ইউনিটি মার্চের উদ্বোধন করেন। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর আয়োজিত এই ইউনিটি মার্চ উদ্বোধন করে তিনি বলেন, এই কর্মসূচির মূল লক্ষ্য হলো জনগনের মধ্যে দেশপ্রেমের ভাবনা জাগ্রত করা ও দেশকে শক্তিশালী করা। মুখ্যমন্ত্রী আরো বলেন, স্বাধীনতা লাভের পর সর্দার বল্লভভাই প্যাটেল প্রায় ৫৬২টি রাজন্যশাসিত অঞ্চলকে ভারতবর্ষের সঙ্গে অন্তর্ভুক্ত করেছিলেন। সেটা সম্ভব হয়েছিল যখন তিনি স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্বে ছিলেন।

অনুষ্ঠান শুরুর আগে মুখ্যমন্ত্রী, ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, সাংসদ রাজীব ভট্টাচার্য সহ অন্যান্য অতিথিবৃন্দ সর্দার বল্লভভাই প্যাটেলের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন। মুখ্যমন্ত্রী ইউনিটি মার্চের বিষয়ে সবাইকে শপথ বাক্য পাঠ করান। এরপর তিনি সবুজ পতাকা নেড়ে ও আকাশে বেলুন উড়িয়ে ইউনিটি মার্চের সূচনা করেন। ইউনিটি মার্চ উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমার পর হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে এসে শেষ হয়।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল দু'দিনের ভুটান সফরে যাবেন। সফরকালে শ্রী মোদী এবং ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়াল ওয়াংচুক এক হাজার বিশ মেগাওয়াট পুনাটসাংছু-2 জলবিদ্যুৎ প্রকল্পের উদ্বোধন করবেন। এই প্রকল্পটি ভারত ও ভুটানের যৌথ উদ্যোগে তৈরি করা হয়েছে। প্রধানমন্ত্রী ভুটানের চতুর্থ রাজা জিগমে সিংগে ওয়াংচুকের ৭০তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন এবং সে দেশের প্রধানমন্ত্রী শেরিং টোবগের সঙ্গেও দেখা করবেন।

****************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ বলেছেন যে নগর সমবায় ব্যাংকগুলিকে সমাজের উচ্চাকাঙ্ক্ষী যুবসমাজ এবং সুবিধাবঞ্চিত শ্রেণীর ক্ষমতায়নের জন্য এগিয়ে আসা উচিত। আজ নতুনদিল্লিতে নগর সমবায় ঋণ ক্ষেত্রের আন্তর্জাতিক সম্মেলন, কো-অপ্ কুম্ভ্ ২০২৫-এর উদ্বোধন করে শ্রী শাহ বলেন, জাতীয় নগর সমবায় ব্যাংক ও ক্রেডিট সোসাইটিজ লিমিটেড, এন.এ.এফ.সি.ইউ.বি এবং নগর সংস্থাগুলির উচিত নৈতিক নির্দেশিকা জারি করা যার ভিত্তিতে প্রতিটি নগর সমবায় ব্যাংক তার আর্থিক কাঠামো পুনর্গঠন করবে।

#######Byte-Amit Shah######

*********************************

**Voice Over-Vande Mataram :**

বন্দে মাতরম রাষ্ট্র গীত রচনার ১৫০ বছর উদযাপনে গোটা দেশ অনন্য আবেগের প্রবাহে আজ উদ্বেগ। এই গান প্রজন্ম নির্বিশেষে আমাদের এক সুতোয় গাঁথে, নতুন জাগৃতির সুযোগ এনে দেয়, রোমাঞ্চকর উদ্দীপনায় অনুপ্রানিত করে। আর সেই উদ্দীপনা শুধু দেশে নয় বন্দেমাতরম ধ্বনি যেন গোটা পৃথিবীর কাছে ভারতীয়তার আশ্চর্য জীবনসুধা যোগায়। এনিয়ে শুনুন এই প্রতিবেদন।

#######VC#####

*************************

**Vande Matram-North :**

বন্দে মাতরম সংগীতের ১৫০ বছর পূর্তি উপলক্ষে আজ ধর্মনগরে জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং ধর্মনগর পুর পরিষদের যৌথ উদ্যোগে এক বর্ণাঢ্য রেলি এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের সূচনা করেন বিধায়ক যাদব লাল নাথ। উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা নাথ, ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রানী দাস সেন প্রমুখ।

********************************

**CPIM :**

সি.আই.টি.ইউ-র ১৬তম রাজ্য সম্মেলনকে সম্মেলনে রেখে আজ আগরতলার ওরিয়েন্ট চৌমুহনীতে প্রকাশ্য জনসভা অনুষ্ঠিত হয়। জনসভায় প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সিপিএমের বরিষ্ঠ নেতা মানিক সরকার কেন্দ্র ও রাজ্য সরকারের সমালোচনা করে বক্তব্য রাখেন। তিনি শ্রমজীবি মানুষের অধিকার রক্ষার উপর গুরুত্ব আরোপ করেন। বিরোধী দলনেতা তথা সিপিআইএমের রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী অভিযোগ করেন রাজ্যে

জনগনের গণতান্ত্রিক অধিকার সুরক্ষিত নয়। তিনি এডিসি প্রশাসনের কাজকর্মেরও সমালোচনা করেন। জনসভায় বক্তব্য রাখেন সি.আই.টি.ইউ রাজ্য সভাপতি মানিক দে, রাজ্য সম্পাদক শংকর প্রসাদ দত্ত, শ্রমজীবী মহিলা সংগঠনের পক্ষে জয়া বর্মন।

******************************

**Congress-Kadamtala :**

উত্তর জেলার কুর্তি-কদমতলা ব্লক কংগ্রেসের উদ্যোগে আজ চুড়াইবাড়ি কমিউনিটি হলে আয়োজিত হল এক সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, প্রদেশ কংগ্রেসের সম্পাদক আব্দুল বাসিত চৌধুরী প্রমুখ।

*****************************

**India Best Arshia :**

উত্তর প্রদেশের গাজিয়াবাদে অনুষ্ঠিত জাতীয় অনূর্দ্ধ ১৫ বছরের দাবা প্রতিযোগিতায় শেষ রাউন্ডেও জয় ছিনিয়ে অপরাজিত ভাবে ভারত সেরা হলো রাজ্যের আন্তর্জাতিক মাস্টার অর্শিয়া দাস।

জাতীয় সাবজুনিয়র দাবা প্রতিযোগিতার বালিকা বিভাগে ১১ রাউন্ডে সাড়ে ১০ পয়েন্ট ছিনিয়ে অর্শিয়া চ্যাম্পিয়নের খেতাব চূড়ান্ত করে নেয়। ফলে বিশাল ট্রফি সহ ৯০ হাজার টাকা প্রাইজমানি পায়। এর সাথে বিশ্ব চ্যাম্পিয়নশীপ, এশিয়া চ্যাম্পিয়নশীপ ও কমনওয়েলথের আসরে খেলার ছাড়পত্র আদায় করে নেয়।

*********************************

**Ranji Trophy :**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় আসামের বিরুদ্ধে ত্রিপুরা লিড নিয়ে সরাসরি জয়ের লক্ষ্যে রয়েছে। এম বি বি স্টেডিয়ামে ৪ উইকেটে ৬৭ রান থেকে আজ তৃতীয় দিনে খেলতে নেমে আসাম প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৩৮ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে শিবশংকর রায়

অপরাজিত ৮৪ রান করেন। রাজ্যদলের স্বপ্নীল সিং ২৯ রানে ৩টি এবং অভিজিৎ সরকার ৩৭ রানে ও মণিশংকর মুড়াসিং ৩৩ রানে ২টি করে উইকেট পান। ৩৬৪ রানে পিছিয়ে থেকে ফলোঅনে খেলতে নেমে সফরকারী আসাম দ্বিতীয় ইনিংসে ৩ উইকেট হারিয়ে ৭৮ রান করে। আসাম এখনো ২৮৬ রানে পিছিয়ে রয়েছে। আগামীকাল খেলার শেষ দিন। এর আগে রাজ্যদল ৭ উইকেটে ৬০২ রানে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষনা দিয়েছিল।

****************************